



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন : ৮৮-০২-৮১৮১৩৩৭
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা

“e-licensing & e-learning System of BAERA” শীর্ষক প্রকল্প বাস্তবায়নঃ

ইনোভেশন এর মাধ্যমে রেগুলেটরী সেবার মানোন্নয়নের লক্ষ্যে সার্ভিস ইনোভেশন ফান্ড এর আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশিক)-এর “e-licensing & e-learning System of BAERA” শীর্ষক একটি প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বাপশিক এর সেবা প্রক্রিয়া সহজীকরণ হবেঃ

১. বাপশিক ই-লাইসেন্সিং সেবা চালু হেবে। এই সেবা প্রক্রিয়া চালু হলে স্টেকহোল্ডাররা খুব সহজেই লাইসেন্সের জন্য দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অনলাইনে আবেদন করতে পারবেন।
২. সেবা সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক মোবাইল এ্যাপস উন্নয়ন হেবে। এর ফলে স্টেকহোল্ডাররা খুব সহজেই মোবাইল এর মাধ্যমে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্যাদি জানতে সক্ষম হবেন।
৩. অনলাইনে পেমেন্ট সিস্টেম চালু হেবে যার ফলে গ্রাহকরা রেগুলেটরী ফি অনলাইনে প্রদান করতে পারেন।
৪. বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং পরীক্ষার আবেদন অনলাইনে চালু করা হেবে।
৫. প্রকল্প বাস্তবায়নের ধারাবাহিকতায় প্রকল্পটির promotion করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম, পোস্টার এবং SMS এর মাধ্যমে প্রচারের বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।
৬. গ্রাহকরা যেন ডিজিটাল সেন্টারে গিয়ে বাপশিক এর e-learning & e-learning সেবা সহজেই গ্রহণ করতে পারে এ জন্য ডিজিটাল সেন্টার এর কর্মকর্তাদের জন্য নির্দেশিকা প্রণয়ন করা হেবে।

ই-ফাইলিং সিস্টেমঃ

রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমান সরকার দাপ্তরিক কাজে লাল ফিতার দৌরাত্ম্য কমাতে -ফাইলিং সিস্টেম চালু করেছে। কর্তৃপক্ষের ইনোভেশন টিম প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে দাপ্তরিক কাজে গতি-স্বচ্ছতা ও দক্ষতা বাড়ানোর মাধ্যমে জনগনকে সেবা প্রদানের ক্ষেত্রে ২০১৭ সালে -ফাইলিং সিস্টেম চালুকরণে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবে। এতে করে ফাইলের স্তুপ নিয়ে আর ঘুরে তে হেবে না।

ই-টেন্ডারিং (ই-িজি) সিস্টেমঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় ই-গর্ভমেন্ট প্রকিউরমেন্ট (ই-িজি) পোর্টাল তৈরী করেছে। এটি একমাত্র ওয়েব পোর্টাল যেখান থেকে এবং যার মাধ্যমে ক্রয়কারী সংস্থা এবং ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ নিরাপদ ওয়েব ড্যাসবোর্ডের মাধ্যমে ক্রয় সংক্রামত্ম যাবতীয় কার্যাবলী সম্পাদন করতে পারছেন। এমতাবস্থায় সরকারী ক্রয় প্রক্রিয়ায় দরদাতাদের অবাধ অংশগ্রহণ ও সমসুযোগ সৃষ্টি এবং ক্রয় প্রক্রিয়ার দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইনোভেশন টিমের ২০১৭ সালের ভবিষ্যৎ কর্মপরিকল্পনার মধ্যে ই-টেন্ডারিং সিস্টেম চালুকরণের বিষয়টি অন্তর্ভুক্ত করেছে।

ওয়েবসাইট আকর্ষণীয়করণঃ

জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য ইনোভেশন টিম অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটটি আরও আকর্ষণীয় করে তোলার জন্য কাজ করবে।